



সংবাদ বিজ্ঞপ্তি  
১২ অক্টোবর ২০২৪  
দুবাই, ইউএই

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত-এর উদ্যোগে  
'বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২৪' উদযাপন

আজ (১২/১০/২০২৪) বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত-এর উদ্যোগে 'বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২৪' পালন করা হয়। এ উপলক্ষে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই-এর কনফারেন্স রুমে সকালে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়।

কনসাল জেনারেল মো. রাশেদুজ্জামান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে কনস্যুলেটের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, অংশগ্রহণকারী শিশু-কিশোর ও তাদের অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। পুরস্কার বিতরণ পর্বে প্রত্যেকের আঁকা ছবি প্রদর্শন করা হয় এবং শিশুদের পুরস্কার ও সনদ প্রদান করা হয়।

সভাপতির বক্তব্যে কনসাল জেনারেল বলেন, “জাতিসংঘ ঘোষিত বিশ্ব শিশু দিবস পালনের মূল উদ্দেশ্য হচ্ছে অভিভাবকদের মধ্যে শিশুদের যত্ন, শারীরিক, মানসিক ও সামাজিক বিকাশ সাধনে ভূমিকা পালনের বিষয়ে সচেতনতা তৈরী, সেই সাথে শিশুদের বিশেষ গুরুত্ব প্রদান। আজকের শিশুরা যেন আগামী দিনের সুনাগরিক হিসেবে গড়ে উঠতে পারে সেজন্য সকলকে যথাযথ দায়িত্ব পালন করতে হবে।”

অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশু-কিশোররা আবৃত্তি ও নিজেদের অনুভূতি ব্যক্ত করে বক্তব্য প্রদান করেছে।

